



জীবন বীমা কর্পোরেশন

প্রশাসন ডিভিশন

প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ই-মেইল : mds@jbc.gov.bd , ওয়েব সাইট : www.jbc.gov.bd


স্মারক : ৫৩.১৯.০০০০.৩০২.১১.০০১.২৪-৪০৩

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য নন-কনসাল্টিং ফর্ম নির্বাচনের দরপত্র বিজ্ঞপ্তি।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন জীবন বীমা কর্পোরেশনে ১(এক) বছর মেয়াদে মাসিক ভিত্তিতে সাকুল্যে সেবামূল্যের বিনিময়ে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী এতদসংক্রান্ত ফর্ম নির্বাচনের লক্ষ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

১	মন্ত্রণালয়/বিভাগ	:	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২	সংগ্রহকারী ও বাস্তবায়নকারী সংস্থার নাম	:	জীবন বীমা কর্পোরেশন
৩	প্রকিউরিং এন্টিটির নাম	:	মহাব্যবস্থাপক-প্রশাসন
৪	প্রকিউরিং এন্টিটির কোড	:	প্রযোজ্য নয়
৫	দরপত্র আহ্বানের কারণ/উদ্দেশ্য	:	জীবন বীমা কর্পোরেশনে ১(এক) বছর মেয়াদের জন্য সাকুল্যে সেবামূল্যের বিনিময়ে আউটসোর্সিং পদ্ধতিতে ইলেকট্রিশিয়ান ০৩ জন, ড্রাইভার ০৭ জন, এসি মেকানিক ০১ জন, লিফট মেকানিক ০১ জন, লিফট অপারেটর ০২ জন, নিরাপত্তা প্রহরী ৫০ জন ও প্লাম্বার ০১ জনসহ মোট ৬৫(পঁয়ষাট) জন কর্মী সরবরাহ।
৬	দরপত্রের স্মারক নম্বর ও তারিখ	:	৫৩.১৯.০০০০.৩০২.১১.০০১.২৪-৪০২ তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২৫
৭	সংগ্রহ পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)।
৮	বাজেট ও তহবিলের উৎস	:	জীবন বীমা কর্পোরেশন এর নিজস্ব তহবিল।
৯	টেন্ডার ডকুমেন্টস এর মূল্য	:	টা: ২,০০০/- (দুই হাজার টাকা)।
১০	টেন্ডার সিকিউরিটির পরিমাণ ও দাখিল পদ্ধতি	:	টা: ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) 'জীবন বীমা কর্পোরেশন'-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।
১১	দরপত্র সিডিউল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা	:	প্রশাসন বিভাগ (৮ম তলা), জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। বিঃদ্র: দরপত্র সিডিউলের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে জেনারেল ম্যানেজার-প্রশাসন বরাবর আবেদন করতে হবে।
১২	দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা	:	প্রশাসন বিভাগ (৮ম তলা), জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৩	দরপত্র সিডিউল বিক্রয়ের সময়সীমা	:	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১০.০৩.২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৩:০০ টা পর্যন্ত।
১৪	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	:	১১.০৩.২০২৫ খ্রিঃ দুপুর ১২:০০ পর্যন্ত।
১৫	দরপত্র খোলার তারিখ ও স্থান	:	১১.০৩.২০২৫ খ্রিঃ দুপুর ১২:৩০।
১৬	দরদাতার যোগ্যতা	:	ক) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন, DIFE এর হালনাগাদ সার্টিফিকেট ও ব্যাংক কর্তৃক হালনাগাদ আর্থিক স্বচ্ছতার সনদ থাকতে হবে। খ) ট্রেড লাইসেন্স-এ 'আউটসোর্সিং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান' উল্লেখ থাকতে হবে। গ) পত্রিকায় প্রকাশের পূর্ব পর্যন্ত কমপক্ষে ৩(তিন) বছরের সরকারি/আধা-সরকারি/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের অধীন জনবল সরবরাহের একক কার্যাদেশে ১(এক) কোটি টাকার কাজের অভিজ্ঞতা থাকতে হবে (কার্যসম্পাদন প্রত্যয়ন পত্রসহ)। ঘ) এছাড়া, দরপত্র দলিলে উল্লিখিত অন্যান্য শর্তাদি।
১৭	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	:	জেনারেল ম্যানেজার-প্রশাসন
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা	:	প্রশাসন বিভাগ (৮ম তলা), জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৯	বিশেষ নির্দেশাবলী	:	অন্যান্য শর্তাবলী দরপত্রের দলিলে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে।
২০	জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।	:	


আবু মোঃ মাহিনুদ্দিন
জেনারেল ম্যানেজার-প্রশাসন

